DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 07:14 PM

সারাদেশ

ব্রাহ্মণবাড়িয়ার সীমান্তবর্তী পূজামণ্ডপ পরিদর্শন করলেন বিজিবি অধিনায়ক

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ২০ অক্টোবর ২০২৬, ০৭:৩৬ PM



দুর্গাপূজা নির্বিঘ্নে উদযাপন ও প্রতিমা বিসর্জন নিশ্চিত করতে ব্রাহ্মণবাড়িয়ার সীমান্তবর্তী এলাকার পূজামণ্ডপ পরিদর্শন করেছেন ৬০ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল শরিফুল ইসলাম।

মঙ্গলবার (২০ অক্টোবর) দুপুরে ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার সুলতানপুর এলাকার বিখারী আশ্রমের পূজামণ্ডপ পরিদর্শন করেন তিনি। এ সময় পূজামণ্ডপের সার্বিক পরিস্থিতি ও নিরাপত্তাব্যবস্থা সম্পর্কে খোঁজখবর নেন। বিজিবির অন্যান্য কর্মকর্তারাও এ সময় উপস্থিত ছিলেন।

দুর্গাপূজা ঘিরে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পাশাপাশি নিরাপত্তা নিশ্চিত করতে তৎপর রয়েছে বিজিবি। পূজারীরা যাতে উৎসবমুখর পরিবেশে নির্বিঘ্নে পূজা উদযাপন ও প্রতিমা বিসর্জন করতে পারেন, সে লক্ষ্যে কাজ করছে বাহিনীটি।

৬০ বিজিবির দায়িত্বপূর্ণ এলাকায় কুমিল্লা ও ব্রাহ্মণবাড়িয়া সীমান্তের ৭৯ দশমিক ১ কিলোমিটার অংশে এবং সীমান্ত থেকে আট কিলোমিটারের

মধ্যে অবস্থিত মোট ৫৬টি পূজামণ্ডপের নিরাপত্তা নিশ্চিত করতে কাজ করছে বিজিবি বলে জানানো হয়েছে।

উল্লেখ্য, এ বছর ব্রাহ্মণবাড়িয়া জেলায় ৬২৮টি মণ্ডপে শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হচ্ছে। এর মধ্যে সীমান্তবর্তী কসবা, আখাউড়া ও বিজয়নগর উপজেলায় রয়েছে ১৪৯টি পূজামণ্ডপ।

এ বিভাগের আরও খবর



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১
ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...



ঝালকাঠিতে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে হেলপার নিহত, আহত ২০
বরিশাল-কুয়াকাটা মহাসড়কের ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া এলাকায় দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে এক বাসের হেলপার নিহত হয়েছেন। এ ঘটনায় দুই বাসের অ...



নিখোঁজের ৪৮ ঘণ্টা পর কুয়াকাটা সৈকতে মিলল বিচারক ফারহান নাদীমের সন্ধান
নিখোঁজের প্রায় ৪৮ ঘণ্টা পর পটুয়াখালীর কুয়াকাটা সমুদ্রসৈকত থেকে বরিশাল জেলা ও দায়রা জজ আদালতের সিনিয়র সহকারী জজ শেখ ফারহান নাদীমকে উদ্ধার করে...



বিশ্বম্ভরপুরে ১ লাখ ২৫ হাজার ভারতীয় বিড়ি উদ্ধার, গ্রেপ্তার ৫

সুনামগঞ্জের বিশ্বম্ভরপুরে পৃথক দুটি অভিযান চালিয়ে ১ লাখ ২৫ হাজার ৯৫০টি ভারতীয় বিড়ি ও চারটি মোটরসাইকেল জব্দ করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/brahmnbariyar-simantbrti-pujamndp-pridrshn-krlen-bijbi-odhinayk